



রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

RANGUNIA GOVERNMENT COLLEGE, CHITTAGONG



D/e
নং-২০১৮/০৬৬

তারিখ: ১৫ অক্টোবর, ২০১৮

বিজ্ঞপ্তি

এতদ্বারা ছাত্র-ছাত্রী, সম্মানিত সহকর্মী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, শ্রীশ্রী দুর্গা পূজা, প্রবারণা পূর্ণিমা ও শ্রীশ্রী লক্ষ্মী পূজা উপলক্ষে আগামীকাল ১৬ অক্টোবর মঙ্গলবার থেকে ২৪ অক্টোবর, বুধবার ২০১৮ তারিখ পর্যন্ত কলেজ বন্ধ থাকবে। ২৫ অক্টোবর, ২০১৮ বৃহস্পতিবার থেকে কলেজ যথারীতি চলবে। তবে অনার্স ২য় মেধা তালিকায় স্থান প্রাপ্তদের ভর্তির জন্য ২১ ও ২২ অক্টোবর কলেজ অফিস খোলা থাকবে।

১৫ অক্টোবর, ২০১৮ তারিখ প্রকাশিত ২য় মেরিট তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের [www.nu.ac.bd./admission](http://www.nu.ac.bd/admission) থেকে ভর্তি ফরম ও www.ranguniacollege.edu.bd থেকে কলেজের ভর্তির আবেদন ফরম পূরণ করে ২১ ও ২২ অক্টোবর রবি ও সোমবার অফিস সময়ে কলেজ অফিস থেকে রসিদ সংগ্রহ করে 'বাংলাদেশ কৃষি ব্যাংক' রাংগুনিয়া কলেজ শাখায় আনুষংগিক ফিসহ ভর্তি ফি জমার রসিদ, এসএসসি ও এইচএসসি পাশের মূল ট্রান্সক্রিপ্টসহ বিভাগীয় অফিসে জমা দেয়ার জন্য পরামর্শ দেয়া গেল।

২০১৮ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা পরীক্ষার্থীদের ১৬ অক্টোবর, ২০১৮ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইট www.nubd.info/honours থেকে ফরম পূরণ করে ২৫ অক্টোবর বৃহস্পতিবার থেকে ০৮ নভেম্বর, ২০১৮ বৃহস্পতিবার এর মধ্যে পরীক্ষার ফি ও কলেজের বকেয়া বেতন 'বাংলাদেশ কৃষি ব্যাংক', রাংগুনিয়া কলেজ শাখায় জমা করে বিভাগীয় শিক্ষক এর নিকট ফরম পূরণের ফরমে ২টি পাসপোর্ট সাইট ছবি আইকাগাম দিয়ে পেস্ট করে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

উল্লিখিত তারিখের পরে অনার্স শ্রেণিতে ভর্তি ও ফরম পূরণের কোন সুযোগ থাকবে না এবং প্রতি শুক্রবার ও শনিবার ব্যাংক বন্ধ থাকার কারণে শুক্র ও শনিবার কলেজে ভর্তি ও ফরম পূরণ কাজ বন্ধ থাকবে।

১৫


১৫/১০/২০১৮
(এ.কে.এম. সুজা উদ্দীন)

উপাধ্যক্ষ

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

এ. কে. এম. সুজা উদ্দীন
উপাধ্যক্ষ
রাংগুনিয়া কলেজ
রাংগুনিয়া, চট্টগ্রাম।

১৫/১০/১৮